



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৯, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইলঃ bcc@bcc.net.bd Web Site: www.bcc.gov.bd

## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এহছানুল পারভেজ, পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)  
তারিখ : ০৭-০২-২০২১, রবিবার  
সময় ও স্থান : বিকাল ০৩:০০ ঘটিকা, আহবায়কের কক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট- 'ক' দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। সদস্য-সচিব সভাকে অবগত করেন যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক “অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় সেবা সহজিকরণ ও জি-ড্রাইভ” সম্পর্কিত ১ দিনের একটি কর্মশালা গত ১৯.০১.২০২১ তারিখে অত্যন্ত সফলতার সাথে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সফলভাবে কর্মশালার আয়োজনের জন্য সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সদস্য সচিব আরো জানান, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্যালেন্ডারের অংশ হিসাবে অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতির স্ব-মূল্যায়ন প্রতিবেদন আইসিটি বিভাগে গত ২০.০১.২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে। ০৩.০১.২০২০ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিম্নরূপ:

ক্রমিক	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	নিয়মিত ইনোভেশন কমিটির সভা আহ্বান করতে হবে।	বাস্তবায়িত (সভা অনুষ্ঠিত হচ্ছে)
০২	২০শে জানুয়ারির মধ্যে বিসিসিতে ইনোভেশন বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে।	বাস্তবায়িত
০৩	বিসিসির ইনোভেশন কমিটির পরবর্তী সভা আগামী ১০ জানুয়ারির মধ্যে আহ্বান করতে হবে।	বাস্তবায়িত
০৪	আগামী ২০ জানুয়ারির মধ্যে বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে নতুন ইনোভেশন আইডিয়া পাবার নিমিত্তে আইডিয়া আহ্বান করতে হবে।	বাস্তবায়িত
০৫	১৯শে জানুয়ারিতে বিসিসিতে ইনোভেশন বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে। যার বিষয় বস্তু নির্ধারণ করা হয় “অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় সেবা সহজিকরণ ও জি-ড্রাইভ” সম্পর্কিত।	বাস্তবায়িত
০৬	আগামী ২০ জানুয়ারির মধ্যে বিসিসির কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে নতুন ইনোভেশন আইডিয়া আহ্বান করতে হবে।	বাস্তবায়িত (১০-১৪ জানুয়ারি সময়কালে আইডিয়া আহ্বান করা হয়েছে)

সভায় জানানো হয় ১৪/০১/২০২১ তারিখ পর্যন্ত নিম্নলিখিত আইডিয়া প্রস্তাব পাওয়া যায়:

ক্রমিক	উদ্ভাবনী উদ্যোগের নাম
০১	<b>BD IT Spec Standardization</b>
০২	অনলাইন ডকুমেন্ট ট্র্যাকিং সিস্টেম ফর রিজিওনাল অফিস
০৩	বিসিসি তথ্য ভান্ডার আর্কাইভিং সিস্টেম
০৪	প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সফটওয়্যার ফিচার সংযুক্তকরণ
০৫	বিসিসি, খুলনা কার্যালয়ে মহিলা ও প্রতিবন্ধী সহায়ক টয়লেট স্থাপন
০৬	আঞ্চলিক কার্যালয়ে ইনভেন্টরি এবং বাজেটিং সিস্টেম
০৭	ইনোভেশন/ইনকিউবেশন সেন্টার স্থাপন
০৮	আঞ্চলিক কার্যালয়ে একটি মিনি সেন্টার স্থাপন
০৯	আঞ্চলিক কার্যালয়ে হার্ডওয়্যার ও সফটওয়্যার টেস্টিং সেন্টার স্থাপন
১০	শোকেসিং প্যানেল স্থাপন


উক্ত প্রস্তাব গুলোর মধ্যে থেকে BD IT Spec Standardization ও আঞ্চলিক কার্যালয়ের জন্য বাজেটিং সিস্টেম আইডিয়া দুটোকে বাস্তবায়নের প্রথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু পর্যাপ্ত সংখ্যক বাস্তবায়নযোগ্য প্রস্তাব পাওয়া যায়নি তাই পুনরায় প্রস্তাব আহবানে সভায় সকলে একমত প্রাষণ করেন। আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক চিহ্নিত কার্যক্রম সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

#### সিদ্ধান্ত:

ক) অন্তত ১০ দিন সময় রেখে ফেব্রুয়ারি/২০২১ মাসের মধ্যে ইনোভেশন আইডিয়া আহবান করতে হবে।

খ) ২দিন ব্যাপী ইনোভেশন বিষয়ক কর্মশালা মার্চ/২০২১ এর মধ্যে আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এহছানুল পারভেজ)

পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

ও




আহবায়ক, ইনোভেশন টিম, বিসিসি।

সভারনাম: বিসিসি ইনোভেশন টিমের সমন্বয় সভা

সভারস্থান: রুম নং- ৩১৭, আইসিটি টাওয়ার।

তারিখ: ০৭.০২.২০২১ খ্রিঃ সময়: বিকাল ৩:০০ ঘটিকা

উপস্থিতির তালিকা

ক্রম	নাম ও পদবী	ই-মেইল	মোবাইল	স্বাক্ষর
০১	শ্রী: হুসেইন আমিন মদ	huseinul@gmail.com	০১৭১১৭৪৪২৬১	
০২	মুহম্মদ হুদ আঞ্চলিক পরিচালক	msc.bcc@gmail.com	০১৭১৫০২৭২৬	
০৩	বিগ্না কতিয়াক জনাবিল, বিসিসি	vingna.katiyak@ bcc.gov.bd	০১৫৭৭২৬৩৫৬	
০৪	শ্রী: হোসেন বিন আমিন, SP	hossain.amin @bcc.gov.bd	০১৭১২২১৩৪৪৩	Hasse
০৫				